

## সার্ফেস এবং বর্জ্যের পরিচ্ছন্নতা

### ঘরের সাধারণ পরিবেশের পরিচ্ছন্নতা

সাধারণ পরিচ্ছন্নতার কাজ যেমন আসবাবপত্র, যন্ত্রাংশ, ফ্লোর, গাড়ি বা যেকোনো সার্ফেস ইত্যাদি জীবাণুমুক্ত করতে কম ঘনত্বের (১:১০০) তরল জীবাণুনাশক তৈরি করা যায়।

- হাত ভাল করে নিয়মমত ধুয়ে পরিষ্কার করে গ্লভস পরে নিতে হবে
- পরিষ্কার পাত্রে ২০ লিটার পানি নিতে হবে
- পানিতে ১ টেবিল চামচ ব্লিচিং পাউডার ভাল করে গুলিয়ে নিতে হবে
- পাত্রে ঢাকনা দিয়ে ৩০ মিনিট রাখতে হবে
- নীচে জমা হওয়া তলানী ফেলে দিয়ে উপরের স্বচ্ছ তরল জীবাণুনাশক হিসেবে ব্যবহার করা যাবে
- দ্রবণ তৈরির পর গ্লভস খুলে খুব ভাল মত নিয়মানুযায়ী সাবান-পানি দিয়ে হাত ধুয়ে নিতে হবে



২০ লিটার পরিষ্কার পানি



১ টেবিল চামচ ব্লিচিং পাউডার

এই দ্রবণ দিয়ে সাধারণ পরিচ্ছন্নতার কাজ যেমন আসবাবপত্র, যন্ত্রাংশ, ফ্লোর, গাড়ি বা যেকোনো সার্ফেস ইত্যাদি জীবাণুমুক্ত করা যায়। জীবাণুনাশক দ্রবণটি সর্বোচ্চ ২৪ ঘন্টা রেখে ব্যবহার করা যাবে। তবে এর আগে যদি দ্রবণটা ঘোলাটে হয়ে যায়, তাহলে আর এই দ্রবণ ব্যবহার করা উচিত না।

## হাসপাতাল/অধিক সংক্রামক বর্জ্যের পরিচ্ছন্নতা

অধিক সংক্রামক বর্জ্য (মল, মূত্র) বা হাসপাতাল বর্জ্যের জীবাণুমুক্ত করতে বেশী ঘনত্বের (১:১০) তরল জীবাণুনাশক তৈরি করা যায়।

- হাত ভাল করে নিয়মমত ধুয়ে পরিষ্কার করে গ্লভস পরে নিতে হবে
- পরিষ্কার পাত্রে ২ লিটার পানি নিতে হবে
- এই পানিতে ১ টেবিল চামচ ব্লিচিং পাউডার ভাল করে গুলিয়ে নিতে হবে
- এই পাত্রে ঢাকনা দিয়ে ৩০ মিনিট রাখতে হবে
- নীচে জমা হওয়া তলানী ফেলে দিয়ে উপরের স্বচ্ছ তরল জীবাণুনাশক হিসেবে ব্যবহার করা যাবে
- দ্রবণ তৈরির পর গ্লভস খুলে খুব ভাল মত নিয়মানুযায়ী সাবান-পানি দিয়ে হাত ধুয়ে নিতে হবে



এই জীবাণুনাশক দ্রবণটিও সর্বোচ্চ ২৪ ঘন্টা রেখে ব্যবহার করা যাবে। তবে এর আগে যদি দ্রবণটা ঘোলাটে হয়ে যায়, তাহলে আর এই দ্রবণ ব্যবহার করা উচিত না।

এই দ্রবণগুলো ব্যবহারের সময় অবশ্যই গ্লভস পরে নিতে হবে এবং ব্যবহারের পর গ্লভস খুলে নিয়মমত সাবান-পানি দিয়ে হাত ধুয়ে নিতে হবে